

# 💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১১৯৩

১১/ তালাক ও লিআন (ﷺ) পরিচ্ছেদঃ ১৭. গর্ভবতী বিধবার ইদ্ধাত সন্তান জন্মগ্রহণ করা পর্যন্ত

باب مَا جَاءَ فِي الْحَامِلِ الْمُتَوَفَّى عَنْهَا زَوْجُهَا تَضَعُ

#### আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بِنُ مَنِيعٍ، حَدَّثَنَا حُسَيْنُ بِنُ مُحَمَّدٍ، حَدَّثَنَا شَيْبَانُ، عَنْ مَنْصُورٍ، عَنْ أَبِي السَّنَابِلِ بْنِ بَعْكَكُ، قَالَ وَضَعَتْ سُبَيْعَةُ بَعْدَ وَفَاةِ زَوْجِهَا بِثَلاَثَةٍ وَعِشْرِينَ أَوْ خَمْسَةٍ وَعِشْرِينَ يَوْمًا فَلَمَّا تَعْلَّتُ تَشَوَّفَتْ لِلبِّكَاحِ فَأُنْكِرَ عَلَيْهَا ذَلِكَ فَذَكِرَ ذَلِكَ لِلنَّبِي صلى الله عليه وسلم فَقَالَ " إِنْ تَفْعَلْ فَقَدْ حَلَّ أَجَلُهَا ". فَذُكِرَ ذَلِكَ لِلنَّبِي صلى الله عليه وسلم فَقَالَ " إِنْ تَفْعَلْ فَقَدْ حَلَّ أَجَلُهَا ". حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مَنِيعٍ، حَدَّثَنَا الْحَسَنُ بْنُ مُوسَى، حَدَّثَنَا شَيْبَانُ، عَنْ مَنْصُورٍ، نَحْوَهُ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَبِي السَّنَابِلِ حَدِيثٌ مَشْهُورٌ مِنْ قَالَ وَفِي الْبَابِ عَنْ أُمِّ سَلَمَةً، . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَبِي السَّنَابِلِ حَدِيثٌ مَشْهُورٌ مِنْ أَعْرِفُ لِلأَسْوَدِ سَمَاعًا مِنْ أَبِي السَّنَابِلِ . وَسَمِعْتُ مُحَمَّدًا يَقُولُ لاَ أَعْرِفُ أَنَّ أَبَا السَّنَابِلِ عَاشَ بَعْدَ النَّبِيّ صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ أَنَّ الْحَلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيّ صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ أَنَّ الْحَلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيّ صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ أَنَّ الْمُتَوفَقَى عَنْهُ الْ الْقَوْرُيِّ وَالشَّافِعِيّ وَأَحْمَدُ وَإِسْحَاقَ . وَقَالَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابُ النَّبِيّ صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ أَنَّ الْمُتَوفَقَى صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ أَنَّ الْمُتَوفَى النَّالِيقِي وَالسَّافِعِيّ وَأَحْمَلُ عَلَى هَذَا عَرْدَلُ الْقَوْلُ الْقُولُ الْقَوْلُ الْأَولُمُ أَصَعَ تُ فَقَدْ حَلَّ التَّرْوِيحُ لَهَ الْأَجَلَيْنِ . وَالْقَوْلُ الْأَولُمُ مَنْ أَصْمُكُ عَلَى هَذَا عَرْدُ اللّهَ عَلَى الله عليه وسلم وَغَيْرِهِمْ تَعْتَدُّ آخِرَ الأَجَلَيْنِ . وَالْقَوْلُ الْأَولُولُ أَلْمَا وَلَا مَصَحَاتُ عَلَى الْتَوْلُ الله عليه وسلم وَغَيْرِهِمْ تَعْتَدُّ آخِرَ الْأَجَلَيْنِ . وَالْقَوْلُ الْقُولُ الْمَالِولُ أَلُومُ الله عليه وسلم وَغَيْرِهِمْ تَعْتَدُّ آخِرَ الْأَجَلَيْنِ . وَالْقَوْلُ اللّهَ الْفَالُ أَصَعَلَ عَلَيْ الْمَلْمُ الْعُلُولُ الْعَلْمُ الْمُ الْعُلُومُ الْمَالِقُولُ الْمُ الْعُلْمُ الْعُلْمُ الْمُ الْعُلْمُ الْ

#### বাংলা

১১৯৩। আবুস সানাবিল ইবনু বাকাক (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, সুবাইআ (রাঃ) সন্তান প্রসব করেন তার স্বামী মারা যাবার তেইশ বা পঁচিশ দিন পর। তিনি নিফাস হতে পবিত্র হয়ে পুনরায় বিয়ে করতে আগ্রহ প্রকাশ করেন। কিন্তু কেউ কেউ সেটাকে খারাপ বলে মনে করল। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট বিষয়টি উল্লেখ করা হলে তিনি বললেনঃ সে ইচ্ছা করলে এটা করতে পারে, কেননা, তার ইদ্দাত পূর্ণ হয়ে গেছে।



### — সহীহ, ইবনু মাজাহ (২০২৭)

এ হাদীসটি আরো একটি সন্দসূত্রে বর্ণিত হয়েছে। উম্মু সালামা (রাঃ) হতেও এ অনুচ্ছেদে হাদীস বর্ণিত আছে। আবৃ ঈসা বলেন, আবুস সানাবিল (রাঃ) হতে বর্ণিত হাদীসটি উল্লেখিত সন্দ সূত্রে মাশহর ও গারীব। আবুস সানাবিলের নিকট হতে আল-আসওয়াদ হাদীস শুনেছেন কি-না তা আমাদের জানা নেই। ইমাম বুখারী (রাহঃ) বলেছেন, আবুস সানাবিল (রাঃ) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের মৃত্যুর পরও বেঁচে ছিলেন কি-না তা আমাদের জানা নেই।

এ হাদীস অনুযায়ী রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লামের বেশিরভাগ বিশেষজ্ঞ সাহাবী ও অপরাপর আলিম মত দিয়েছেন যে, যদি কোন গর্ভবতী মহিলার স্বামী মৃত্যুবরণ করে তবে তার সন্তান জন্মের সাথে সাথে তার বিয়ে করা হালাল (জায়িয), যদিও তার ইদ্দাত (চার মাস দশদিন) পূর্ণ না হয়। এই মত দিয়েছেন সুফিয়ান সাওরী, শাফিঈ, আহমাদ ও ইসহাক। অপর একদল সাহাবী ও অন্যদের মতে "দুই মেয়াদের মধ্যে অপেক্ষাকৃত দীর্ঘতর মেয়াদ" হবে তার ইদ্দাতকাল। কিন্তু প্রথমোক্ত মতই অনেক বেশি সহীহ।

## **English**

Al-Aswad narrated from Abu As-Sanabil bin Ba'kak who said: "Subai'ah delivered twenty-three or twenty-five days after her husband had died. So when she was ready (finished post-natal bleeding) she adorned herself for marriage, but she was rebuked for doing that, so it was mentioned to the Prophet and he said: "If she has done that then her time has come.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ আবু সানাবিল (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন